



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার বিভাগ
জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)
প্রকাশনা শাখা
২৯, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং ৪৬.১৮.০০০০.০০৩.০২.০০৪.১৮- ৫৫/৩ (৫০)

তারিখ: ২৮ মাঘ ১৪৩০বঙ্গাব্দ
১১ ফেব্রুয়ারি, ২০২৪খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

এনআইএলজি এর জার্নালে প্রকাশের জন্য গবেষণাধর্মী লেখা (Article) আহবান

জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি) কর্তৃক 'The Journal of Local Government' শিরোনামে প্রতি ছয় মাস অন্তর জার্নাল প্রকাশিত হয়। উক্ত জার্নালের পরবর্তী সংখ্যা প্রকাশের জন্য প্রবন্ধ আহবান করা হচ্ছে। প্রবন্ধ বাংলাদেশের স্থানীয় সরকার ব্যবস্থা, স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের সমস্যা ও সম্ভাবনা, স্থানীয় সরকার ব্যবস্থায় নাগরিকের অংশগ্রহণ, স্থানীয় সম্পদ আহরণ, তুলনামূলক স্থানীয় সরকার ব্যবস্থা প্রভৃতি সম্পর্কিত গবেষণামূলক হতে হবে। প্রবন্ধের কাঠামো নিম্নরূপ হবে: ১। ভূমিকা ২। নির্বাহী সারাংশ ৩। সমস্যার বিবরণী ৪। তাৎপর্য ৫। উদ্দেশ্য এবং সীমাবদ্ধতা (যদি থাকে) ৬। পদ্ধতিগত বিষয় ৭। উপাত্ত বিশ্লেষণের ফলাফল ৮। আলোচনা ৯। উপসংহার এবং সুপারিশ ১০। স্ট্যান্ডার্ড রেফারেন্স। প্রবন্ধটি ৪৫০০ শব্দের মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে। প্রবন্ধ বাংলা অথবা ইংরেজী যে কোন একটি ভাষায় হতে পারে। প্রকাশিত প্রবন্ধের লেখক/লেখকগণ প্রতিষ্ঠান কর্তৃক প্রদেয় সম্মানী প্রাপ্য হবেন। এনআইএলজি এর সম্পাদকীয় নীতিমালার আলোকে নির্বাচিত প্রবন্ধ জার্নালে প্রকাশ করা হবে। এক্ষেত্রে অনির্বাচিত প্রবন্ধ ফেরত প্রদান করা হবে এবং সম্পাদকীয় বোর্ডের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। প্রেরিত প্রবন্ধ অন্য কোন জার্নালে প্রকাশ করা হয়নি মর্মে ঘোষণা প্রদান করতে হবে এবং লেখকস্বত্ব নিয়ে কোন ধরনের আপত্তি উত্থাপিত হলে এর জন্য লেখক দায়ী থাকবেন। এ সংক্রান্ত বিস্তারিত তথ্যের জন্য এনআইএলজি এর ওয়েবসাইট www.nilg.gov.bd-এ প্রদর্শিত সম্পাদকীয় নীতিমালার নির্দেশনাবলী অনুসরণ করা যেতে পারে। প্রবন্ধ নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে আগামী ৩১ মার্চ, ২০২৪ তারিখের মধ্যে ই-মেইলে বা সরাসরি প্রেরণ করতে হবে।

ড. আবু শাহীন মোঃ আমসাদুজ্জামান
পরিচালক (গবেষণা ও পরিকল্পনা)
ফোন: ০২-৫৫০০৬৯৮১

ই-মেইল: researchdivision1969@gmail.com

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী ভবন

৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং-৪৭.৬২.০০০০.৪০৮.৩৩.০০৫.২৩. ২৭৯৭

তারিখঃ ২০/০২/২০২৪ খ্রি.

উপরোক্ত পত্রের মর্মানুযায়ী জার্নালে প্রকাশিতব্য গবেষণাধর্মী লেখা (যদি থাকে) নিম্নস্বাক্ষরকারীর নিকট (হার্ড ও সফট কপি) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ড. মোঃ জিয়াউর রশীদ

উপপরিচালক (গবেষণা ও মূল্যায়ন)
ই-মেইলঃ ddevalu@brdb.gov.bd

বিতরণঃ

- ১। পরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা।
- ২। যুগ্মপরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা।
- ৩। প্রকল্প/কর্মসূচি/নির্বাহী/উপ প্রকল্প পরিচালক,.....ঢাকা/রংপুর/গাইবান্ধা/ফরিদপুর।
- ৪। উপপরিচালক (সকল), বিআরডিবি,
- ৫। উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। সহকারী পরিচালক/ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (সকল), বিআরডিবি,
- ৭। মহাপরিচালকের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।